বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

মুজিব ১০০

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০১৪.১৩(পার্ট-২) ৪৬৭৪

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৮
২৪ নভেম্বর ২০২১

**বিষয়: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হাবিবুর রহমান<br>মহাপরিচালক, ব্যানবেইস |
| সভার স্থান | : | কনফারেন্স রুম, ব্যানবেইস |
| সভার তারিখ | : | ২৪ নভেম্বর ২০২১ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে বিগত ২০২০-২১ অর্থবছরে শুদ্ধাচার কৌশল ও উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। তিনি বিগত অর্থবছরের বাস্তবায়নে সংগঠিত ত্রুটি বিচ্যুতি চিহ্নিত করে চলতি অর্থবছরে কর্মপরিকল্পনা বাস্তবায়নে আরো উদ্যোগী হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।

০২। চলতি ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত উদ্ভাবনী, সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন বিষয়ক ধারণাসমূহের আলোচনা করা হয়:

**ক) Inventory Management System:**

ব্যানবেইসের স্টোরের মালামাল সমূহের হিসাব ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ করা হয়ে থাকে। যার ফলে স্টোরে সংরক্ষিত মালামালের স্টক, ঘাটতি বিষয়ক সঠিক চিত্র যে কোন সময় উপস্থাপন করতে এবং স্বল্প সময়ে সম্ভব হয় না । এতে করে সঠিক সময়ে ক্রয় পরিকল্পনা গ্রহণ করা সম্ভবপর হয় না। এক্ষেত্রে Inventory Management System ডেভেলাপ করা হলে স্টোর ম্যানেজমেন্ট অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার পাশাপাশি কম সময়ে প্রয়োজনীয় মালামাল সরবরাহ এবং ক্রয় পরিকল্পনা গ্রহণ সহজতর হবে।

**খ) UITRCE কর্মকর্তা/কর্মচারীদের ছুটি সংক্রান্ত আবেদন ও মালামালের চাহিদা অনলাইনে গ্রহণের মাধ্যমে সেবা সহজীকরণ:**

ব্যানবেইস এর আওতাধীন ১২৫টি উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) সমূহ এবং নির্মিতব্য ১৬০টি UITRCE এর জনবলের ছুটি সংক্রান্ত আবেদন ও মালমালের চাহিদাসমূহ বর্তমানে হার্ড কপির মাধ্যমে প্রসেস করা হয়ে থাকে। যার ফলে জরুরি প্রয়োজনে ছুটির অনুমোদন গ্রহণ ও মালামালের চাহিদা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণে সময়ের প্রয়োজন হয়। ব্যানবেইসের এর আভ্যন্তরীণ সেবা সহজীকরণ ও UITRCE কর্মকর্তা/কর্মচারীগণের চাহিদাসমূহ এক বা একাধিক সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে প্রসেস করা হলে সময় সাশ্রয় এবং দ্রুত সেবা প্রদান নিশ্চিত করা সম্ভব হবে।

**গ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় তথ্য সংশোধনের সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন:**

দেশের প্রাথমিকোত্তর সকল ধরণের শিক্ষা প্রতিষ্ঠানের সামগ্রিক ডাটাবেজ ব্যানবেইসে সংরক্ষণ করা হয়ে থাকে। বিভিন্ন মৌলিক তথ্য হালনাগাদ ও সংশোধনের জন্য প্রায়শই শিক্ষা প্রতিষ্ঠান থেকে ব্যানবেইস এ আবেদন করা হয়। যথোপযুক্ত প্রমাণক ও প্রয়োজনীয় কাগজাদি দাখিল সাপেক্ষে ব্যানবেইস শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক মৌলিক তথ্যসমূহ হালনাগাদ ও সংশোধন করে থাকে। এই সামগ্রিক প্রক্রিয়াটি প্রতিষ্ঠান পর্যায় থেকে হার্ডকপির মাধ্যমে আবেদন গ্রহণের প্রসেস করা হয়। যা কিছুটা সময় সাপেক্ষ হয়। উল্লিখিত সেবাটি অনলাইনে প্রদান করা সম্ভব হলে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে সময় ও ভ্রমণ উভয়ই হ্রাস করা যাবে এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অধিকতর উন্নত সেবা প্রদান করা যাবে।

০৩। সভাপতি ব্যানবেইসের লাইব্রেরীকে আরো ডিজিটাইজেশন ও লাইব্রেরী সেবাসমূহকে সেবাগ্রহীতাদের নিকট সুস্পষ্টভাবে ভিজুয়ালাইজ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে গুরুত্বরোপ করেন। এছাড়াও তিনি প্রশাসনিক ব্যবস্থাপনা উন্নয়নে প্রশাসন বিভাগকে আরো উদ্যোগী হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে তাদিগ প্রদান করেন।

৩। সভায় ব্যানবেইসের তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে আলোচনা হয়। ব্যানবেইস সম্পাদিত কার্যসমূহ তথ্য বাতায়নে যথাযথভাবে প্রকাশ ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক তথ্য বাতায়ন হালনাগাদকরণের উপর গুরুত্বরোপ করে সভাপতি ব্যানবেইসের পরিচালকের নেতৃত্বে সকল বিভাগের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠনের বিষয়ে গুরুত্বরোপ করেন।

৪। আইসিটি বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মো: আবু তাহের খান সভায় উত্থাপিত উদ্ভাবন সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশন ধারণাসমূহকে স্বাগত জানান এবং উত্থাপিত ধারণাসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় সফটওয়ার আইসিটি বিভাগ কর্তৃক ডেভেলাপ করা সম্ভব বলে মত প্রকাশ করেন।

৫। সভায় ব্যানবেইসের পরিচালক জনাব মো: কায়ছার রহমান চলতি অর্থবছরে ২০২১-২২ এর শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচকভিত্তিক অগ্রগতি ও বাস্তবায়নে করণীয় সম্পর্কে আলোকপাত করেন এবং এ বিষয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়।

**৬। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

ক) সভায় উত্থাপিত উদ্ভাবন, সেবা সহজীকরন ও ডিজিটাইজেশন ধারণাসমূহ উদ্ভাবনী টিম কর্তৃক পর্যালোচনা করে পূর্ণাঙ্গ প্রস্তাবনা ০১ (এক) সপ্তাহের মধ্যে উপস্থাপন করতে হবে;

খ) ব্যানবেইসের তথ্য বাতায়ন হালনাগাদের জন্য পরিচালক, ব্যানবেইসের নেতৃত্বে প্রতিটি বিভাগ থেকে একজন করে ০৫ (পাঁচ) সদস্যের কমিটি গঠনের প্রস্তাব উপস্থাপন করতে হবে;

গ) বিগত অর্থবছরের শুদ্ধাচার কৌশল এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করে চলতি অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সময় বিভাজনভিত্তিক কর্মপরিকল্পনা উপস্থাপন এবং বাস্তবায়ন নিশ্চিত করতে; এবং

ঘ) উল্লিখিত কর্মপরিকল্পনায় সন্নিবেশিত সময়ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালাসহ অন্যান্য কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে আয়োজন করতে হবে।

৭। সভায় আর কোন আলোচনা না থাকার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১১/২০২১
(হাবিবুর রহমান)
মহাপরিচালক
☎ ৯৬৬৫৪৫৭
ই-মেইল: dg@banbeis.gov.bd

<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সকল কর্মকর্তা, ব্যানবেইস।
৩। অফিস কপি।